

এসএস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ভূগোল ও পরিবেশ বিষয় কোড:

১	১	০
---	---	---

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ্য করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।।

১. ▶ মাহিন মামা-মামীর সঙ্গে পার্কিবিচ সমুদ্র সৈকতে বেড়াতে গেল এবং দেখল কর্ণফুলী নদীর মোহনায় একটি জাহাজ দাঁড়িয়ে আছে। মাহিন লক্ষ্য করল সমুদ্রের পানি হঠাৎ করে ফুলে উঠতে শুরু করেছে এবং জাহাজটি দ্রুত বন্দরে প্রবেশ করছে।

- ক. মহীসোপান কাকে বলে? ১
খ. সমুদ্রস্রোত সৃষ্টির কারণ ব্যাখ্যা কর। ২
গ. মাহিনের দেখা সমুদ্রের পানিতে পরিবর্তনের কারণ কি? ৩
ঘ. মানবজীবনে পানির এরূপ পরিবর্তনের প্রভাব বিশ্লেষণ কর। ৪

২. ▶ সাদাকাত যে এলাকায় বসবাস করে তার নিকটেই সুন্দরবন অবস্থিত। সুন্দরবনে আছে সুন্দরী, গোলপাতা, গেওয়া, গরান প্রভৃতি গাছপালা। সে প্রায় সময়ই বনে বেড়াতে যায়। সাদাকাত এর বাবা বলেন, ‘অর্থনৈতিক উন্নয়ন ও পরিবেশের ভারসাম্য রক্ষায় বনভূমি খুবই গুরুত্বপূর্ণ।’

- ক. বনজ সম্পদ কাকে বলে? ১
খ. শস্যবহুমুখীকরণ কি? ২
গ. সাদাকাত যে বনভূমিতে বেড়াতে গিয়েছে তার অর্থনৈতিক গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. সাদাকাতা এর বাবার বক্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৩. ▶ নৌশিন যুক্তরাষ্ট্রে গিয়ে দেখল সেখানে অনেকগুলো প্রমাণ সময় রয়েছে। এ প্রমাণ সময় যুক্তরাজ্যের লন্ডনের গ্রীনিচ শহরের মান মন্দিরের স্থানীয় সময় অনুযায়ী নির্ধারিত হয়। এরপর সে ওয়াশিংটনে গিয়ে সেখানকার দ্রাঘিমা রেখা ৭৫° পশ্চিম জেনে ঢাকার সময় বের করার চেষ্টা করে।

- ক. মূলমধ্যরেখার মান কত ডিগ্রি? ১
- খ. যুক্তরাষ্ট্রের ঐক্যধিক প্রমাণ সময় থাকার কারণ কি? ২
- গ. ঢাকা ও ওয়াশিংটনের দ্রাঘিমা যথাক্রমে ৯০° পূর্ব-এবং ৭০° পশ্চিম।
ঢাকায় যখন রাত ১০টা তখন ওয়াশিংটনের সময় কত? ৩
- ঘ. নৌশিনের দেখা স্থানভেদে সময়ের পার্থক্য হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪
৪. ► মফিজ সাহেব কানাডাতে বসবাস করেন। একদিন বিকেলে তিনি ঘুরতে গিয়ে দেখতে পান একটি স্থানের ভূমিখাড়া ঢাল বিশিষ্ট এবং দেখতে অনেকটা মৌচাকৃতির।
- ক. নদী উপত্যকা কাকে বলে? ১
- খ. উর্ধ্বগতিতে নদী উপত্যকা 'ভি' আকৃতির হয় কেন? ২
- গ. মফিজ সাহেবের দেখা ভূমিরূপটির ভূ-প্রাকৃতিক গঠন বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
- ঘ. 'টারশিয়ারি যুগের পাহাড়সমূহ খনিজ সম্পদে সমৃদ্ধ'- আলোচনা কর। ৪
৫. ► কিছুদিন পূর্ব মেক্সিকোতে বড় মাত্রার ভূমিকম্প সংঘটিত হয়। CNN প্রতিবেদন অনুযায়ী ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল ভূপৃষ্ঠ থেকে ৬১৬ কি.মি. গভীরতায়। এই ভূমিকম্পে বহু লোকের প্রাণহানী ঘটে।
- ক. কোন শিলা রূপান্তরিত হয়ে কোয়ার্টজাইট উৎপন্ন হয়? ১
- খ. ভূপৃষ্ঠের আকস্মিক পরিবর্তন ব্যাখ্যাকর। ২
- গ. মেক্সিকোতে যে ঘটনাটি ঘটল এ ধরনের ভয়াবহতা কি হতে পারে বলে তুমি মনে কর। ৩
- ঘ. উদ্দীপকের ঘটনাটির ফলাফলের ভয়াবহতা কি হতে পারে বলে তুমি মনে কর। ৪
৬. ► সালাম সাহেব পৃথিবীর বিভিন্ন অঞ্চল ঘুরেছেন এবং বিভিন্ন অঞ্চলের আবহাওয়া ও জলবায়ুর মধ্যে তারতম্য লক্ষ্য করেছেন। তিনি আরও লক্ষ্য করেছেন, জলবায়ুগত তারতম্যের কারণে বিভিন্ন মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ডের উপর এর প্রভাব পড়েছে?

- ক. আবহাওয়া কাকে বলে? ১
- খ. বৃষ্টিপাত কীভাবে সংঘটিত হয়? ২
- গ. সালাম সাহেবের দেখা স্থানভেদে আবহাওয়া ও জলবায়ুর তারতম্য হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩
- ঘ. মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ডের উপর জলবায়ুর প্রভাব রয়েছে। তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪
৭. ▶ মিনা পালের পরিবার, তুহিনের পরিবার, অপু, তপু, রাজ্জাক, হিমেল ও আরও অনেকের পরিবার ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধের সময় বাংলাদেশ থেকে ভারত গমন করে। এর মধ্যে অপুর ও হিমেলের পরিবার ১৯৭২ সালে বাংলাদেশে চলে আসে।
- ক. অভিবাসন কী? ১
- খ. অঞ্চলভেদে মরণশীলতার পার্থক্য ব্যাখ্যা কর। ২
- গ. এটা কোন ধরনের অভিবাসন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. এখানে শরণার্থী কারা? বিশ্লেষণ কর। ৪
৮. ▶ লুসাই মগ পাহাড়িয়া এলাকার বাসিন্দা। পূর্বে তার এলাকায় লোকবসতি কম থাকলেও এখন অনেক ঘন বসতি গড়ে উঠেছে। সম্প্রতি সেখানে চা শিল্প গড়ে উঠেছে আবার বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য কারখানা গড়ে উঠেছে।
- ক. শিল্প কী? ১
- খ. মানব বসতি বিভিন্ন নিয়ামকের উপর নির্ভরশীল কেন? ২
- গ. লুসাই মগের এলাকায় এই ধরনের বসতি গড়ে ওঠার পিছনে কি কারণ রয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. এই ধরনের বসতির জন্য ঐ এলাকায় কি সমস্যা হতে পারে বিশ্লেষণ কর। ৪
৯. ▶ কৃষক মনির হোসেনের জমিতে পাট আখ, তামাক চাষ করে। উৎপন্ন ফসল পাইকারী বাজারে বিক্রি করে। হাবুন মিয়া একজন পাইকারী ক্রেতা। সে

বিভিন্ন মিলে ফসল বিক্রি করে। আবার উক্ত উৎপন্ন দ্রব্য সে কিনে আবার বাজারে বিক্রি করে।

ক. প্রথম পর্যায়ের অর্থনৈতিক কার্যাবলী কী? ১

খ. অর্থনৈতিক কার্যাবলী বলতে কি বুঝায়? ২

গ. উদ্দীপকের কোনটি দ্বিতীয় পর্যায়ের অর্থনৈতিক কার্যাবলী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে অর্থনৈতিক কার্যাবলীর ৩টি পর্যায়ই বিদ্যমান- বিশ্লেষণ কর। ৪

১০. ► রহিম মিয়া বগুড়া স্টেশনে যাত্রীদের নিকট বোতলজাত খাবার পানি বিক্রয় করে। তার ছোট ভাই শওকত যাত্রীদের নিকট পাখা বিক্রি করে এবং বাতাসও দেয়। অর্থনীতির দৃষ্টিকোণ থেকে রহিম মিয়ার বিক্রিত পানি কিংবা শওকতের দেখা সম্পদ হিসেবে বিবেচিত হয়। আবার নদী কিংবা বিলের পানি বাঁধ আটকিয়ে শক্তি উৎপাদন করা হলে সেই পানিও সম্পদ হিসেবে বিবেচিত হয়।

ক. নবায়নযোগ্য সম্পদ কী? ১

খ. নদীর পানি ও বাতাসকে সম্পদ বলা যায় না কেন? ২

গ. রহিম মিয়ার বিক্রিত পানি এবং শওকতের সেবা কোন কোন কারণে সম্পদ হিসেবে বিবেচিত হবে। ব্যাখ্যা কর। ৩

ঘ. নদীর পানি সম্পদ হবে যদি তা বাঁধ দিয়ে বিদ্যুৎ উৎপাদন করা হয়; উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১. ► রোকেয়াদের গ্রামের পাশের নদীর তীরে আগে অনেক কৃষিকাজ হতো কিন্তু এখন নদী ভরাট হয়ে যাওয়ায় সেচের অভাবে কৃষি কাজ ব্যাহত হচ্ছে।

ক. সাজু নদীর উৎপত্তি কোথায়? ১

খ. পদ্মা নদীর উপনদী ও শাখা নদী কোনগুলো? ২

গ. রোকেয়াদের গ্রামে কৃষিকাজ ব্যাহত হচ্ছে কেন ব্যাখ্যা কর। ৩

ঘ. নদী ভরাট হয়ে যাওয়ায় দেশের যে সমস্যা তৈরি হল উক্ত সমস্যা থেকে সমাধানের উপায় বিশ্লেষণ কর। ৪

বিশেষ দৃষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।

১. সর্বপ্রথম কে "Geography" কথাটি ব্যবহার করেন?
 (ক) কার্ল মার্কস (খ) ম্যাকনি
 (গ) কার্ল রিটার (ঘ) ইরটসথেনিস
২. কীসের প্রভাবে গ্রহগুলো সূর্যকে কেন্দ্র করে আবর্তিত হয়?
 (ক) মহাকর্ষ বলের প্রভাবে
 (খ) অভিকর্ষ বলের প্রভাবে
 (গ) ঘূর্ণন শক্তির প্রভাবে
 (ঘ) আণবিক শক্তির প্রভাবে
৩. সমুদ্রের জোয়ার ভাটা সৃষ্টি হওয়ার যথার্থ কারণ কী?
 (ক) সূর্যের চারদিকে পৃথিবীর পরিক্রমণ
 (খ) পৃথিবীর চারদিকে সূর্যের পরিক্রমণ
 (গ) নিজ মেরু রোখায় পৃথিবীর ঘূর্ণন
 (ঘ) নক্ষত্রদের অভ্যন্তরীণ আকর্ষণ বল
৪. ভূপৃষ্ঠের উপর অবস্থিত কোনো বিন্দুর ঠিক বিপরীত বিন্দুকে প্রথম বিন্দুর কী বলে?
 (ক) বিপরীত স্থান (খ) প্রতিপাদ স্থান
 (গ) কৌণিক স্থান (ঘ) সমাক্ষ স্থান
৫. গ্রানাইট শিলা সৃষ্টি হয় কীভাবে?
 (ক) উত্তপ্ত গলিত লাভা থেকে
 (খ) খনিজ সংমিশ্রণে
 (গ) রাসায়নিক পদার্থের সংমিশ্রণে
 (ঘ) জীবাশ্ম থেকে
৬. নায়গ্রা জলপ্রপাত কোন নদীর বিখ্যাত জলপ্রপাত?
 (ক) আমাজান (খ) সেন্ট লরেন্স
 (গ) ভলগা (ঘ) নীলনদ
৭. বায়ুমণ্ডলের যে স্তরটি না থাকলে আমরা বেতার শুনতে পারতাম না সেটি হলো—
 (ক) মেসোমণ্ডল (খ) এক্সোমণ্ডল
 (গ) আয়নমণ্ডল (ঘ) স্ট্রাটোমণ্ডল
৮. বায়ু সর্বদা এক স্থান থেকে অন্য স্থানে প্রবাহিত হয়—
 i. তাপের তারতম্যের জন্য
 ii. গতির পার্থক্যের জন্য
 iii. চাপের পার্থক্যের জন্য
 নিচের কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii
 (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
৯. সমুদ্রস্রোতের প্রধান কারণ কোনটি?
 (ক) বায়ুপ্রবাহ (খ) আর্হিক গতি
 (গ) বার্ষিক গতি (ঘ) তাপমাত্রার পার্থক্য
১০. তরঙ্গের সাহায্যে সমুদ্রের কী মাপা যায়?
 (ক) দৈর্ঘ্য (খ) প্রস্থ
 (গ) আয়তন (ঘ) গভীরতা
১১. বাংলাদেশের জনসংখ্যা কোন ধরনের পর্যায়ে রয়েছে?
 (ক) বর্ধিষ্ণু (খ) ক্ষয়িষ্ণু
 (গ) নিম্নস্থিতিশীল (ঘ) উচ্চস্থিতিশীল
১২. যেভাবে জনসংখ্যার হ্রাস করা যেতে পারে—
 i. জন্ম নিয়ন্ত্রণ
 ii. শিক্ষার প্রসার
 iii. নারীদের কর্মসংস্থান সৃষ্টি
 নিচের কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii
 (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
১৩. ফ্রান্সের প্যারিস বিখ্যাত কেন?
 (ক) চলচ্চিত্রের জন্য
 (খ) খেলাধুলার জন্য
 (গ) যানবাহনের জন্য
 (ঘ) চিত্রকল্পের জন্য
১৪. যেটি নগরায়ন বিকাশের সাথে সম্পর্কযুক্ত—
 i. সংগ্রহ ii. শিকার
 iii. কৃষি
 নিচের কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii
 (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
১৫. গ্রামীণ ও শহর উভয় স্থানে বসতি বৃদ্ধির হার বাড়ছে কেন?
 (ক) জলবায়ু পরিবর্তনের ফলে
 (খ) জনসংখ্যার বৃদ্ধির ফলে
 (গ) প্রাকৃতিক দুর্যোগের কারণে
 (ঘ) শিল্পায়নের ফলে

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও:

রায়হান একটি নবায়নযোগ্য সম্পদের রক্ষণাবেক্ষণের কাজে কর্মরত আছে। এই সম্পদটি সচেতনতার সাথে ব্যবহারে জন্য তিনি সবাইকে পরামর্শ দিয়ে থাকেন।

১৬. সম্পদ সংরক্ষণের জন্য অত্যাবশ্যকীয়—
- অনবায়নযোগ্য সম্পদের অধিক ব্যবহার
 - নবায়নযোগ্য সম্পদের অধিক ব্যবহার
 - সচেতনতার সাথে সম্পদ ব্যবহার
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) ii ও iii
 গ) i ও iii ঘ) i, ii ও iii
১৭. নবায়নযোগ্য সম্পদের অধিক ব্যবহার করলে অনবায়নযোগ্য সম্পদের উপর—
- চাপ বাড়ে
 - চাপ কমে
 - চাপ অপরিবর্তিত থাকে
 - কোনোটিই নয়
১৮. পণ্য আমদানি করা হয় কীসের ভিত্তিতে?
- চাহিদা
 - যোগান
 - মূল্য
 - বিনিয়োগ
১৯. হিমালয় পর্বত উদ্ভিত হওয়ার সময় যে ধরনের পাহাড় সৃষ্টি হয়—
- টারশিয়ারি যুগের পাহাড়
 - লালমাই পাহাড়
 - বরেন্দ্রভূমির পাহাড়
 - কুমিল্লার পাহাড়
২০. বাংলাদেশের জলবায়ু সমভাবাপন্ন হওয়ার যৌক্তিক কারণ কী?
- শুষ্ক ও বৃষ্টিবহুল গ্রীষ্মকাল
 - আর্দ্র ও বৃষ্টিবহুল শীতকাল
 - উষ্ণ ও আর্দ্র গ্রীষ্মকাল
 - উষ্ণ ও আর্দ্র শীতকাল

২১.



চিত্রের A চিহ্নিত স্থানে একটি শক্তিশালী ভূমিকম্প হলে—

- ব্যাপক প্রাণহানি ঘটবে
 - ভূমিধস হবে
 - সুনামি হবে
- নিচের কোনটি সঠিক?
- ক) i খ) i ও ii
 গ) i ও iii ঘ) ii ও iii
২২. বরেন্দ্রভূমির মাটি কোন বর্ণের?
- লাল
 - বাদামি
 - ধূসর
 - ধূসর ও লাল
২৩. অর্থকরী ফসলের যৌক্তিক বৈশিষ্ট্য কোনটি?
- সরাসরি বিক্রির জন্য চাষ
 - অর্থের বিনিময়ে চাষ
 - খাওয়ার জন্য চাষ
 - মজুদ রাখার জন্য চাষ
২৪. উৎকৃষ্টমানের কয়লা কোনটি?
- পীট
 - গ্রানাইট
 - লিগনাইট
 - কষ্টি
২৫. রেলপথ একটি দেশের জন্য খুবই গুরুত্বপূর্ণ। এর যথার্থ কারণ হলো —
- দ্রুত যাতায়াত
 - অধিক দ্রব্য পরিবহন
 - ভাড়া কম
 - অধিক রাজস্ব আয়
২৬. বাণিজ্য কী?
- পণ্যদ্রব্যের ক্রয় বিক্রয়
 - পণ্যদ্রব্যের উপাদান
 - পণ্যদ্রব্যের উৎস
 - পণ্যদ্রব্যের দেখাশোনা
২৭. উন্নয়ন কীসের উপর নির্ভরশীল?
- অর্থনৈতিক কার্যাবলির
 - সাংস্কৃতিক কার্যাবলির
 - রাজনৈতিক কার্যাবলির
 - পারিবারিক কার্যাবলির
২৮. CFC এর পূর্ণরূপ কী?
- ক্যালসিয়াম ফ্লোরো কার্বন
 - কার্বন ফ্লোরো কার্বন
 - ক্লোরোফ্লোরো কার্বন
 - ক্লোরোফ্লোরো ক্যালসিয়াম
২৯. বায়ুমণ্ডলের কোন স্তরে জেট বিমান চলাচল করে?
- ট্রোপোমণ্ডল
 - মেসোমণ্ডল
 - স্ট্র্যাটোমণ্ডল
 - এক্সোসমণ্ডল
৩০. নদী কয়ভাবে ভূমিরূপের সৃষ্টি করে?
- দুই ভাবে
 - তিন ভাবে
 - চার ভাবে
 - পাঁচ ভাবে